গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

বিষয় ঃ কারা সদর দপ্তরের মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ০৭-১২-২০২০ সকাল ৯:৩০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মোমিনুর রহমান মামুন<br>এমবিবিএস এমফিল,এমপিএইচ<br>কারা মহাপরিদর্শক |

সভাপতি সভার শুরুতে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় যে সকল বিষয় নিয়ে আলোচনা হয়েছে তা নিম্নরূপঃ

| নং | আলোচ্য বিষয়সমূহ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | বার্ষিক গোপনীয় প্রতিবেদন(ACR) যথাসময়ে প্রতিস্বাক্ষর না করা। | সংস্থাপন-১ শাখার শাখা প্রধান সভায় উপস্থাপন করেন যে, কারা উপ-মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপার, জেল সুপার এবং জেলারদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR) প্রতিবেদনকারী অফিসারের স্বাক্ষরের পর উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষরের জন্য কারা অধিদপ্তরে প্রেরণ করেন। উক্ত এসিআরসমূহ কারা মহাপরিদর্শক মহোদয়ের প্রতিস্বাক্ষরের জন্য যথাসময়ে উপস্থাপন করা হলে উহা প্রতিস্বাক্ষর না করে দীর্ঘদিন ফেলে রাখা হয়। ইতোমধ্যে অনেক কর্মকর্তা বদলি হয়ে যাওয়ায় উক্ত বার্ষিক গোপনীয় প্রতিবেদনে কারা মহাপরিদর্শক মহোদয় এর প্রতিস্বাক্ষর গ্রহণ করা সম্ভব হয়নি। এর ফলে কর্মকর্তা/কর্মচারীগণের নির্দিষ্ট মেয়াদের এসিআর সংরক্ষণ এবং পদোন্নতি প্রদানের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয় মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও প্রতিবেদনকারী অফিসার কর্তৃক বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR) প্রদানের ক্ষেত্রে যথাযথভাবে দায়িত্ব পালনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কারা উপ-মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপার, জেল সুপার এবং জেলারদের বকেয়া বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR) প্রতিবেদনকারী অফিসারের স্বাক্ষরের পর সংশ্লিষ্ট কারা মহাপরিদর্শক মহোদয়ের নিকট হতে প্রতিস্বাক্ষর সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>তা ছাড়া এখন থেকে বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR) প্রদানের ক্ষেত্রে প্রতিবেদনকারী অফিসার কর্তৃক যথাযথভাবে মূল্যায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | স্টাফ অফিসার/ ব্যক্তিগত সহকারী(পিত্র) কারা মহাপরিদর্শক মহোদয় এর দপ্তর। /কারা উপ মহাপরিদর্শক/ সহকারী কারা মহাপরিদর্শক (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | কারা অধিদপ্তরের অতিরিক্ত পরিচ্ছন্নতাকর্মী নিয়োগকরণ ; | সহকারী কারা মহাপরিদর্শক(প্রশাসন) সভায় উপস্থাপন করেন যে,কারা অধিদপ্তরে সকাল ৯.০০ ঘটিকায় অফিসে উপস্থিত হয়ে দেখা যায় যে, পরিচ্ছন্নতাকর্মীরা তখনও পরিচ্ছন্নতার কাজ করছে। উক্ত ভিজা ফ্লোরে জুতা দিয়ে হাটলে ফ্লোর ময়লা হয়ে যায়। ফলে নির্দিষ্ট সময় অর্থাৎ সকাল ৯.০০ঘটিকার পূর্বে বিদ্যমান ০২ (দুই) জন পরিচ্ছন্নতাকর্মী দ্বারা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা খুবই কষ্টকর হয়। যথাসময়ে পরিচ্ছন্নতার কাজ শেষ করতে আরো ০১জন পরিচ্ছন্নতাকর্মী নিয়োজিত করা যায় কিনা এ প্রস্তাবের প্রেক্ষিতে কারা মহাপরিদর্শক মহোদয় বলেন, ঢাকা কেন্দ্রীয় কারাগার,কেরানীগঞ্জ এবং পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এ মোট কতজন পরিচ্ছন্নতাকর্মী নিয়োজিত রয়েছে এবং তাদেরকে পরিচালনার জন্য কোন দায়িত্ব প্রাপ্ত লোক আছে কিনা এবং তারা কোথায় কোথায় কাজ করেন এ বিষয়ে বিস্তারিত জানতে চান। উহার প্রেক্ষিতে জানানো হয় যে, বর্তমানে পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার ও ঢাকা কেন্দ্রীয় কারাগার,কেরানীগঞ্জ এ সর্বমোট-৫০ জন পরিচ্ছন্নতাকর্মী নিয়োজিত রয়েছেন। তবে কোন কারাগারে কত জন কাজ করেন এবং কোথায় কোথায় কাজ করেন এ বিষয়ে তাৎক্ষনিক বলা সম্ভব হয়নি । তবে কারা অধিদপ্তরে অতিরিক্ত পরিচ্ছন্নতাকর্মী নিয়োগ এবং বর্তমানে নিয়োজিত পরিচ্ছন্নতাকর্মীদের কাজের তালিকা করে, কোথায় কোথায় কাজ করেন এ বিষয়ে প্রতিবেদন দাখিলের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কারা অধিদপ্তরে বিদ্যমান ০২ জন পরিচ্ছন্নতাকর্মী দ্বারা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা খুবই কষ্টকর বিধায় পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার হতে ০১ জন পরিচ্ছন্নতাকর্মী কারা অধিদপ্তরে নিয়োজিত রেখে প্রতিদিন কাজ সম্পন্ন করে তার নির্ধারিত কাজে চলে যাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার ও ঢাকা কেন্দ্রীয় কারাগার,কেরানীগঞ্জ এ সর্বমোট-৫০ জন পরিচ্ছন্নতাকর্মী কোথায় কোথায় নিয়োজিত রয়েছেন এবং তারা কার কার তত্ত্বাবধানে নিয়োজিত থেকে পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ করছেন তার একটি তালিকা তৈরী করে কারা অধিদপ্তরের সহকারী কারা মহাপরিদর্শক(প্রশাসন) এর নিকট দাখিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র জেল সুপার, ঢাকা/ সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ/ক্রীড়া)/ ডেপুটি জেলার, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউ,ঢাকা। |
| ৩. | সকল শাখার চিঠিপত্র স্বাক্ষর /প্রতিস্বাক্ষর করণ; | সংস্থাপন-১ শাখার শাখা প্রধান সভায় উপস্থাপন করেন যে, কাজের বোঝা /পরিধি কমানোর জন্য চিঠির গুরুত্ব উপলব্ধি করে কোন কোন চিঠি কারা মহাপরিদর্শক/ অতিরিক্ত কারা মহাপরিদর্শক/ কারা উপ-মহাপরিদর্শক এবং সহকারী কারা মহাপরিদর্শকগণ স্বাক্ষর/প্রতিস্বাক্ষর করবেন তা নির্ধারণ করে দিলে কাজের চাপ অনেকাংশে কমে যাবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। । | আলোচনা শেষে কারা মহাপরিদর্শক বলেন, চিঠির গুরুত্ব উপলব্ধি করে কোন কোন চিঠি কে স্বাক্ষর/প্রতিস্বাক্ষর করবেন তা নির্ধারনের জন্য অতিরিক্ত কারা মহাপরিদর্শক এর নেতৃত্বে সকল কর্মকর্তাকে নিয়ে একটি নীতিমালা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত কারা মহাপরিদর্শক/ কারা উপ-মহাপরিদর্শক (স:দ:) / সহকারী কারা মহাপরিদর্শক, (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | প্রশাসন এবং সংস্থাপন-২ শাখায় জনবলের তুলনায় রুম অত্যন্ত ছোট: | প্রশাসন ও সংস্থাপন-২ শাখার শাখা প্রধান সভায় উপস্থাপন করেন যে, কারা ভবনের তৃতীয় তলায় বিদ্যমান শাখা দুটি জনবলের তুলনায় অত্যন্ত ছোট। যার ফলে দৈনন্দিন কর্মসম্পাদনে অনেক সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। এ বিষয়ে কারা মহাপরিদর্শক মহোদয়ের দৃষ্টি আকর্ষন করা হলে তিনি সহকারী কারা মহাপরিদর্শ (উন্নয়ন) কে ৫ম তলার কাজের অগ্রগতির বিষয়ে সর্বশেষ অগ্রগতি ও কবে নাগাদ সম্পন্ন করা সম্ভব হবে এ বিষয়ে জানতে চাইলে সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) বলেন, পিডব্লিউডির ইঞ্জিনিয়ার এর সাথে কথা হয়েছে, দরপত্র পক্রিয়া সম্পন্ন করে দ্রুত কার্যক্রম গ্রহনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কারা অধিদপ্তরের ৫ম তলার অসম্পন্ন কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে ইতিমধ্যে পিডব্লিউডি এর মাধ্যমে দরপত্র আহবান এর কাজ প্রক্রিয়াধীন। উক্ত কাজ সম্পন্ন করে শাখাসমূহ সেখানে স্থানান্তরের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ফাইল সংরক্ষণের জন্য ৫ম তলার প্রতিটি শাখায় কিউবিক্যাল সিস্টেম কেবিনেট তৈরী করারও সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারি কারা মহাপরিদর্শক (উন্নয়ন)। |
| ৫. | ক্যান্টিন চালু করণ: | কারা মহাপরিদর্শক গত তারিখে সরেজমিনে কারা অধিদপ্তরের নীচ তলায় বিদ্যমান বন্ধ ক্যান্টিনটি পরিদর্শন পূর্বক উহা পুনরায় চালু করার জন্য নির্দেশনা প্রদান করছিলেন। এ বিষয়ে কোন অগ্রগতি হয়েছে কিনা তা সভায় জানতে চাওয়া হলে সহকারী কারা মহাপরিদর্শক বলেন, উক্ত রুমে মালামালগুলো সরানো সম্ভব হয়নি বিধায় কোন অগ্রগতি করা সম্ভব হয়নি। অগ্রগতি না হওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিদ্যমান ক্যান্টিনে সংরক্ষিত মালামালগুলো দ্রুত অন্যত্র স্থানান্তর করে ক্যান্টিনটি চালু করণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক, (সকল)/প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২। |
| ৬. | প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ: | কারা অধিদপ্তরে নবযোগদানকৃত কর্মচারীদের এখনও কোন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তাদের সকলকে অফিসিয়াল কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা ও কর্মচারীদের দক্ষ কর্মী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কারা অধিদপ্তরে যারা এখনও কোন প্রশিক্ষণ গ্রহণ করেননি তাদের তালিকা তৈরি করে পর্যায়ক্রমে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহা পরিদর্শক (প্রশিক্ষণ ও ক্রীড়া)। |
| ৭. | মেডিকেল সেন্টার চালুকরণ: | কারা অধিদপ্তরের বাজেট অফিসার সভায় উপস্থাপন করেন যে, গত ১০-৩-২০১৯ তারিখে রাতে তিনি হঠাৎ মেসিভ হার্ট ফেইল এ আক্রান্ত হয়েছিলেন। তার স্ত্রী একা তাকে নিয়ে হাসপাতালে রওনা দেয়া সম্ভব হচ্ছিল না তখন দুইজন পরিচ্ছন্নতাকর্মীর সহায়তায় তাকে দ্রুত হাসপাতালে নেয়া হয় এবং পরবর্তীতে সুস্থ হয়ে বাসায় ফিরেন। তিনি বলেন কেহ অসুস্থ হলে তাৎক্ষনিক সহযোগিতা প্রদানের জন্য সেন্ট্রি ডিউটিতে একটি | কারা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগন ও তাদের পরিবারবর্গকে চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্য পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এলাকায় একটি জায়গা বাছাই করে মেডিকেল সেন্টার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>উক্ত মেডিকেল সেন্টার স্থাপনের পূর্ব পর্যন্ত কারা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগন ও তাদের | সহকারি কারা মহাপরিদর্শক (উন্নয়ন/প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নাম্বার দেয়া থাকলে তাদের সহযোগিতায় একজন অসুস্থ রোগীকে দ্রুত হাসপাতালে নেয়া সম্ভব হবে। এ বিষয়ে কারা মহাপরিদর্শক বলেন, এটি ভাল প্রস্তাব। এখানে একটি মেডিকেল সেন্টার চালু করার জন্য আমি সিদ্ধান্ত নিয়েছিলাম। মেডিকেল সেন্টার চালু করার জন্য একটি ভাল জায়গা বাছাই করার প্রস্তাব করেন। তবে মেডিকেল সেন্টার চালু করার পূর্ব পর্যন্ত আপাততঃ কোন একটি জায়গায় কারা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারবর্গকে প্রাথমিক চিকিৎসা প্রদানের লক্ষ্যে একজন ডাক্তার/ফার্মাসিস্ট দিয়ে চিকিৎসা সেবা প্রদান করা যায় কিনা সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | পরিবারবর্গকে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে আপাততঃ কেপিকেএস ভবনের নিচতলায় দুটি রুমে একজন ডাক্তার ও একজন ফার্মাসিস্টকে নিয়োজিত করে চিকিৎসা সেবা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৮. | শাখা বদলির মাধ্যমে জনবল সমন্বয় করে কাজ সম্পাদনকরণ ; | কারা অধিদপ্তরের পরিসংখ্যান শাখার শাখা প্রধান সভায় উপস্থাপন করেন যে, তার সেকশনে দু'জন কর্মচারীকে অন্য শাখায় বদলি করা হয়েছে। তার পরিবর্তে যাদেরকে দেয়া হয়েছে তাদের দ্বারা পরিসংখ্যান শাখার মত গুরুত্বপূর্ণ শাখায় কাজ পরিচালনা করা সম্ভব নয় । এ বিষয়ে কারা মহাপরিদর্শক মহোদয়ের দৃষ্টি আকর্ষন করা হলে তিনি বলেন, যে সকল শাখায় জনবলের সমস্যা রয়েছে সে বিষয়ে সকল কর্মকর্তাগন বসে সে সকল শাখায় জনবল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | অতিরিক্ত কারা মহাপরিদর্শক এর সমন্বয়ে একটি কমিটি গঠন করে যে সকল শাখায় জনবলের সমস্যা রয়েছে সে সকল শাখায় জনবল পদায়ন /সমন্বয় করে কাজ সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত কারা মহাপরিদর্শক/ সহকারী কারা মহাপরিদর্শক (সকল) |
| ৯. | স্যাম্পল সংরক্ষণের জন্য একটি স্টোর রুম বরাদ্দকরণ ; | কারা অধিদপ্তরের ক্রয় শাখার শাখা প্রধান সভায় উপস্থাপন করেন যে, দরপত্রের মাধ্যমে ক্রয়ের উদ্দেশ্যে আহ্বায়িত মালামালের স্যাম্পল দীর্ঘ মেয়াদী ভাবে সংরক্ষণ করা হয়। উক্ত স্যাম্পল সংরক্ষণের জন্য কোন স্টোর রুম না থাকায় মালামাল নষ্ট হচ্ছে। একটি স্টোর রুম বরাদ্দের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | দরপত্রের মাধ্যমে ক্রয়ের উদ্দেশ্যে আহ্বায়িত মালামালের স্যাম্পল দীর্ঘ মেয়াদী ভাবে সংরক্ষণ করার জন্য আপাততঃ একটি স্টোর রুম বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারি কারা মহাপরিদর্শক (অর্থ/ উন্নয়ন/প্রশাসন) |
| ১০. | অফিস গোপন আইন-১৯২৩ চালুকরণ; | অফিসের কোন গুরুত্বপূর্ণ কাগজপত্র, ডকুমেন্ট বা তথ্য অথবা গোপনীয় অফিসিয়াল কোড বা পাসওয়ার্ড, আর্টিকেল, নোট, দলিল পত্রাদি কর্তৃপক্ষের বিনানুমতিতে কেহকে প্রদান বা পাচার বা অবহিত করা যাবে না মর্মে কারা মহাপরিদর্শক সকলকে অবহিত করেন | সকল শাখায়/ দপ্তরে কর্মরত কর্মকর্তা /কর্মচারীকে অফিসের কোন গুরুত্বপূর্ণ কাগজপত্র, ডকুমেন্ট বা তথ্য অথবা গোপনীয় অফিসিয়াল কোড বা পাসওয়ার্ড, আর্টিকেল, নোট, দলিল পত্রাদি যথাযথ সঠিক রয়েছে মর্মে সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিস | কারা অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | গোপন আইন(The official Secrets Act) মোতাবেক প্রতিমাসে একটি রেজিষ্টারে স্বাক্ষর করে তা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | - |
| ১১. | আগত সকল অতিথিদের সবাইকে ভিজিটর কার্ড (Visitors Card) প্রদান না করা; | ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কারা অধিদপ্তরে আগত সকল অতিথিকে ভিজিটর কার্ড প্রদান করা হয় । বিশেষ করে কারা মহাপরিদর্শক এর সহিত সাক্ষাৎ করতে আসা গণ্যমান্য অতিথি/বিদেশী অতিথিদেরকে ভিজিটরস কার্ড প্রদান করার কোন প্রয়োজন নেই মর্মে কারা মহাপরিদর্শক সভায় সকলকে অবহিত করেন। | কারা মহাপরিদর্শক এর সহিত সাক্ষাৎ করতে আসা গণ্যমান্য অতিথি/বিদেশী অতিথিদেরকে ভিজিটরস কার্ড প্রদান না করার কোন প্রয়োজন নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) |

২। পরিশেষে সকলকে অত্যন্ত নিষ্ঠার সাথে দাপ্তরিক কাজ সম্পন্ন করার পরামর্শ প্রদান করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

24.12.2020
মোঃ মোমিনুর রহমান মামুন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ig@prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০১৭.১৭- ৯০৭৯ (৩২)

তারিখ ঃ ০৯ পৌষ' ১৪২৭
২৪ ডিসেম্বর'২০২০

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

১। কারা উপ-মহাপরিদর্শক, ঢাকা বিভাগ, ঢাকা।
২। সিনিয়র জেল সুপার, ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ।
৩। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনষ্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। প্রশাসনিক কর্মকর্তা-১৩২/ বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৯। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক (স:দ:) মহোদয়ের সদয় অবগতির জন্যে।
১০। গার্ড ফাইল।

24/12/2020
মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
ফোন- ৭৩০০৪৬৬ (দপ্তর)
aig.adm@prison.gov.bd